# নিউ জার্সির পুলিশ বা অভিবাসন কর্মকর্তা আপনাকে যদি থামায়, তবে জেনে নিন তখন আপনাকে কি করতে হবেঃ

ACLU
AMERICAN CIVIL LIBERTIES UNION of NEW JERSEY

## এই প্রাথমিক নিয়মগুলি জেনে নিনঃ

শান্ত থাকবেন, দৌড়ে পালাবেন না। সাবধানে কথা বলুন, আপনি যা বলেছেন তা আপনার বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে।

অফিসারদের স্পর্শ করবেন না, আপনার হাত এমনভাবে রাখুন যেখান থেকে তারা দেখতে পারে।

বাধা দিবেন না, এমনকি আপনি যদি নির্দোষ হন অথবা আপনি মনে করেন যে পুলিশ বা আইচ [ICE] অন্যায় বা অবৈধ কাজ করছে।

আপনার না বলার অধিকার আছে যখন তারা আপনার গাড়ি, বাড়ি অথবা ব্যক্তি আপনাকে অনুসন্ধানের চেষ্টা করে। আপনি যদি কোন অনুসন্ধানে সম্মত না হন, তাহলে আপনাকে গ্রেফতার করা যাবে না।

যদি পুলিশ বা আইচ আপনাকে থামায়, তাহলে আপনি তাদের জিজ্ঞেস করবেন, "আমি কি যেতে পারি" । আপনি যদি চলে যেতে চান এবং কথা বলতে না চান, আপনি শান্তভাবে সেখান থেকে হেঁটে চলে যাবেন।

আপনি পুলিশ বা ICE এর সাথে কথা বলতে বাধ্য নন।যারা এখানে বৈধ অভিবাসী, আপনার অবস্থানের কথা জিজ্ঞাস করলে আপনি শুধুমাত্র আইচ এজেন্টদের কাছে এটার প্রমাণ দেখাবেন, তবে পুলিশ কর্মকর্তাদের কাছে নয়।

যদি আপনাকে গ্রেফতার করা হয়:

- একজন আইনজীবীর জন্য বলুন
- কর্মকর্তা বা এজেন্টকে বলুন যে আপনি নীরব থাকবেন
- এবং অন্য কোন কিছু বলবেন না

## যদি আপনাকে রাস্তায় থামানো হয়ঃ

পুলিশ আপনাকে ধরে রাখতে পারে না, কিন্তু যদি তারা সন্দেহ করে যে আপনি অপরাধমূলক কার্যকলাপের সাথে জড়িত, তাহলে তারা আপনাকে ধরে রাখতে পারে। ICE আপনাকে ধরে রাখতে পারে না, কিন্তু যদি তারা মনে করে আপনি অনুমোদন ছাড়াই দেশে থাকেন, তবে তারা আপনাকে ধরে রাখতে পারে । শুধুমাত্র জাতি, গোষ্ঠী বা বর্ণের কারণে পুলিশ এবং ICE আপনাকে

থামাতে পারবে না । যদি পুলিশ বা ICE আপনাকে থামায় , আপনি জিজ্ঞাসা করবেন "আমি কি যেতে পারি?" যদি আপনি যেতে পারেন এবং তাদের সাথে কথা বলতে ইচ্ছুক না হলে তাহলে শান্তভাবে হেঁটে চলে যাবেন।

পুলিশ আপনার বাইরের পোশাকগুলির তল্লাশি চালাতে পারে না, কিন্তু যদি তারা সন্দেহ করে যে আপনার কাছে একটি গোপন অস্ত্র আছে, তবে তারা এটি করতে পারেন।

পুলিশ এবং ICE আপনাকে বা আপনার পকেট বা ব্যাগ অনুসন্ধান করতে পারে না, যদি না তাদের বিশ্বাসযোগ্য কারণ থাকে যে তারা আনুসন্ধানের মাধ্যমে একটি অপরাধের প্রমাণ পাবেন অথবা যখন আপনাকে গ্রেপ্তার করা হবে। যদি পুলিশ বা ICE আপনাকে বা আপনার জিনিসপত্র অনুসন্ধান করার চেষ্টা করে, বলবেন, «আমি এই অনুসন্ধানের জন্য অনুমতি দিচ্ছি না।» কিন্তু শারীরিকভাবে তাদের বাধা দিবেন না।

নিউ জার্সির পুলিশ আপনার আইডি দেখার জন্য দাবি অথবা আপনার নাম জানতে চাইতে পারে না যদি না ইতিমধ্যে আপনার নামে আদালত থেকে একটি সমন জারি করা হয়েছে।

আপনার অভিবাসন অবস্থা সম্পর্কে পুলিশ বা ICE এর সঙ্গে কথা বলতে হবে না। যদি চাওয়া হয়, যারা বৈধ অভিবাসী তারা আইচ এজেন্টদের কাছে তাদের অবস্থানের প্রমাণ অবশ্যই দেখাতে হবে, কিন্তু পুলিশ কর্মকর্তাদের কাছে তাদের কোন প্রমান দেখাতে হবে না। যদি আপনার বৈধ অভিবাসনের কাগজপত্র না থাকে, তবে তাদের বলুন যে আপনি নীরব থাকবেন। আপনি আপনার নাগরিকত্ব সম্পর্কে মিথ্যা বলবেন না অথবা মিথ্যা কোন কাগজপত্র প্রদান করবেন না।

## গাড়ির ক্ষেত্রে:

পুলিশ আপনার গাড়ি তখনই থামাতে পারে শুধুমাত্র যখন তাদের যুক্তিসঙ্গত সন্দেহ থাকে যে আপনি একটি অপরাধ বা একটি ট্রাফিক আইন ভঙ্গ করেছেন।

যদি গাড়িতে থাকা অবস্থায় থামানো হয়, তবে চালকের ড্রাইভার লাইসেন্স, রেজিস্ট্রেশন, এবং বীমা কার্ড দেখাতে হবে।

যদি তাদের কাছে গ্রেপ্তারের পরোয়ানা থাকে, পুলিশ আপনার গাড়ি অনুসন্ধান করতে পারে, বা আপনি যদি অনুমতি দিন, অথবা আপনার গাড়ি থামানোর পরে তারা সম্ভাব্য কারণ খুঁজে পায় যে আপনার গাড়িতে, তারা অবৈধ বা কোন অপরাধের প্রমান পাবেন।

পুলিশ আপনার গাড়ি অনুসন্ধান করতে পারে না যদি না তাদের সুনির্দিষ্ট সন্দেহ থাকে যে

অপরাধের প্রমাণ ভিতরে আছে।

পুলিশ গাড়ি থেকে চালককে বের হতে বলতে পারেন, কিন্তু কোন যাত্রীকে না যদি না তাদের নিরাপত্তাজনিত কোন উদ্বেগের কারন তৈরি হয়।

যদি সন্দেহ করে যে আপনি গাড়ি চালাচ্ছেন কোন মাদকের প্রভাবের অধীনে (ডি,ইও, আই), তবে আপানার একটি অ্যালকোহল স্ক্রীনিং পরীক্ষা দেওয়ার প্রয়োজন হতে পারে। যদি আপনি অস্বীকার করেন, তাহলে আপনি DUI অপরাধ হিসাবে ড্রাইভিং সুবিধাগুলি হারানো সহ একই পরিমান ক্ষতির সম্মুখীন হবেন।

## আপনার বাড়িতে:

পুলিশ এবং আইচ এজেন্টদের আপানার বাড়িতে প্রবেশ করতে হলে তাদের কাছে অবশ্যই পরোয়ানা থাকতে হবে, শধুমাত্র জরুরি অবস্থা ব্যতীত, (যেমন একজন ব্যক্তির চিৎকার করছে) বা যদি আপনি তাদের ঢুকতে দিয়েছেন। যদি পুলিশ বা আইচ এজেন্ট বলে তাদের কাছে পরোয়ানা আছে:

- তাদের কাছে পরোয়ানাটি দেখতে চাইবেন- তাদের দরজার নিচ দিয়ে বা জানালার কাছে এটি ধরতে বলবেন।
- খেয়াল করবেন যে সব তথ্য দেয়া আছে সব সঠিক।
- নিশ্চিত করবেন যে একজন বিচারক এতে স্বাক্ষর করেছেন।

পুলিশ যদি ওয়ারেন্ট ছাড়া আপনার বাড়িতে অনুসন্ধান চালাতে চায়, আপনি তাতে অনুমতি দিতে অস্বীকার করতে পারেন।

আপনি যদি আপনার বাড়িতে গ্রেফতার হন, পুলিশ আপনাকে আর আপনার আশেপাশের এলাকা তে অনুসন্ধান করতে পারে, কিন্ত বেশিরভাগ ক্ষেত্রে আপনি যেই কক্ষে আছেন, সেটাতে সীমাবদ্ধ থাকে।

যদি আপনি আটক হন, তাহলে কিভাবে সেটা মোকাবিলা করবেন সেটার জন্য নিজেকে এবং আপনার পরিবার কে প্রস্তুত রাখুন। আপনার পরিবারের এবং আইনজীবীর ফোন নম্বরগুলি মুখস্ত করে রাখবেন।

জরুরি অবস্থার জন্য পরিকল্পনা করুন,বিশেষকরে,পাওয়ার অব অ্যাটর্নি, অথবা যেখানে শিশু বা চিকিৎসার প্রয়োজন থাকতে পারে। আপনার বিশ্বস্ত কারো কাছে গুরুত্বপূর্ণ কাগজপত্রের কপি রাখুন।

## আপনার অধিকারের জন্য সোচ্চার হন:

কখনও কখনও পুলিশ মানুষ কে তাদের অধিকার খর্ব করে থামায়, তল্লাশি চালায়,অথবা গ্রেফতার করে। যদি আপনার সাথে এমন ঘটে, অথবা যদি আইচ অভিযানে আসে, যত শীঘ্র সম্ভব,ব্যাজ এবং টহল গাড়ীর নম্বর সহ সবকিছু লিখে রাখবেন। যদি আপনি আহত হন, দ্রুত চিকিৎসা নিবেন, এবং ছবি তুলে রাখবেন।

আপনাকে যদি গ্রেপ্তার করা না হয়, তাহলে জনসম্মুখে আপনি পুলিশ বা আইচ কার্যকলাপের ছবি তুলতে বা ভিডিও করার অধিকার আপনার আছে যদি না আপনি শারীরিকভাবে হস্তক্ষেপ করেন। আপনার যেকোনো জায়গা তে থাকার এবং সেখান থেকে রেকর্ড করার অধিকার আছে।

পুলিশ ওয়ারেন্ট ছাড়াই আপনার ফোন খুঁজতে পারে না। আপনি মোবাইল ন্যায় বিচার অ্যাপ্লিকেশন ব্যবহার করে এর মাধ্যমে অডিও অথবা ভিডিও রেকর্ড করে সরাসরি এসিএলইউ-এনজে-তে পাঠাতে পারেন। ডাউনলোড করতে পারেন আখান থেকে: **www.aclu-nj.org/TheAppPlace** । যত বেশি আপনার ডকুমেন্টেশন , তত বেশি ভাল।

আপানকে গ্রেপ্তার করার পর আপনি যদি পুলিশের আপনার দুর্ব্যবহারের শিকার হন, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব একজন আইনজীবীর সাথে যোগাযোগ করুন।

কোন আইনজীবীর সাথে কথা না বলে কোনও ডকুমেন্ট এ সাক্ষর দিবেন না।

## অধিকার লঙ্ঘিত?

অভিযোগ করুন পুলিশের অভ্যন্তরীণ বিষয়ক বিভাগে, তারা যে কোনো সময়ে যে কারো কাছ থেকে অভিযোগ গ্রহণ করে (বেনামী সূত্র সহ ) । আইচ সম্পর্কে অভিযোগ দায়ের করতে, যোগাযোগ করুন পেশাগত দায়িত্ব অফিসের সঙ্গে **Joint.Intake@dhs.gov** বা **১-৮৭৭-২ইনটেক**

আপনি এসিএলইউ এর সাথে ও যোগাযোগ করতে পারেন এই নাম্বারটিতে ঃ **৯৭৩-৬৪২-২০৮৪** সাপ্তাহিক দিনগুলুতে ।

ডাউনলোড মোবাইল বিচার: **www.aclu-nj.org/TheAppPlace**

ACLU
AMERICAN CIVIL LIBERTIES UNION of NEW JERSEY

আমেরিকান সিভিল লিবার্টিটি ইউনিয়ন অব নিউ জার্সি
পি.পি. বক্স ৩২১৫৯, নোয়াক, এনজে ০৭১০২
intake@aclu-nj.org | www.aclu-nj.org

*এই কার্ডের তথ্য সাধারণ প্রকৃতির এবং এটি আইনি পরামর্শ দেয় না। আইনি পরামর্শ জন্য একজন অ্যাটর্নির পরামর্শ নিন। আমেরিকান সিভিল লিবার্টিস ইউনিয়ন এর নিউ জার্সি ফাউন্ডেশন থেকে , একটি নন-পার্টিশান, অলাভজনক নাগরিক অধিকার অ্যাডভোকেসি গ্রুপ দ্বারা বিনামূল্যে এটি জনসাধারণের সেবার উদ্দেশে তৈরি এবং বিতরণ করা হচ্ছে ।*

NOVEMBER 2017 (BENGALI)